বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৩৫

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান পদে জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর যোগদান।**

অদ্য ১৯ আগস্ট ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান হিসেবে জনাব খন্দকার রাশেদ মাকসুদ যোগদান করেছেন। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ১৮/০৮/২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর- ৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.২৪-৮৪ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন,১৯৯৩ এর ধারা-৫ অনুসারে জনাব খন্দকার রাশেদ মাকসুদকে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর চেয়ারমান হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর তিন দশকের ও বেশি সময় ধরে দেশে-বিদেশে ব্যাংকখাতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। তিনি বিশ্বের শীর্ষস্থানীয় বহুজাতিক ব্যাংক সিটি ব্যাংক এনএ বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ২০১১ থেকে ২০১৭ পর্যন্ত দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি সিটি ব্যাংক এনএ ইন্দোনেশিয়াতে ২০০৮-২০১০ সময়কালে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি এনআরবি কমার্শিয়াল ব্যাংক ও স্ট্যান্ডার্ড ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। সম্প্রতি তিনি বিশ্বব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি)-তে স্ট্র্যাটেজিক অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্টের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে ফিন্যান্সে এমবিএ ডিগ্রি অর্জন করেছেন।

তাঁর সুযোগ্য নেতৃত্বে দেশের পুঁজিবাজার ও অর্থনীতির প্রবৃদ্ধি আরো তরান্বিত হবে এবং বিনিয়োগকারীরা একটি স্বচ্ছ, গতিশীল ও উন্নত পুঁজিবাজার পাবেন বলে আশা করা যায়।

19-08-2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র